

🔳 আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | المُطَفِّفِين

আয়াতঃ ৮৩:৩০

আরবি মূল আয়াত:

وَ إِذَا مَرُّوا بِهِم يَتَغَامَزُونَ ﴿٣٠﴾

🗚 অনুবাদসমূহ:

আর যখন তারা মুমিনদের পাশ দিয়ে যেত তখন তারা তাদেরকে নিয়ে চোখ টিপে বিদ্রূপ করত। — আল-বায়ান আর তারা যখন তাদের পাশ দিয়ে অতিক্রম করত তখন পরস্পরে চোখ টিপে ইশারা করত। — তাইসিরুল এবং তারা যখন মু'মিনদের নিকট দিয়ে যেত তখন চোখ চিপে কটাক্ষ করত। — মুজিবুর রহমান

And when they passed by them, they would exchange derisive glances. - Sahih International

৩০. আর যখন তারা মুমিনদের কাছ দিয়ে যেত তখন তারা চোখ টিপে বিদ্রূপ করত।

তাফসীরে জাকারিয়া

৩০। এবং তারা যখন মুমিনদের নিকট দিয়ে যেত, তখন চোখ টিপে ইশারা করত। [1]

[1] غمز শব্দের অর্থ হল চোখের পলক এবং জ্র দ্বারা ইঙ্গিত করা। অর্থাৎ একে অপরকে নিজ পলক ও জ্র দ্বারা ইঙ্গিত করে তাদেরকে অবজ্ঞা করত এবং তাদের দ্বীনের ব্যাপারে খোঁটা দিত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5878

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন